**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

**তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ**

**এস. আর. ও. নং ১৪৬-আইন/২০১৭/৩২/কাস্টমস**।– Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, section 219A এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এ উল্লিখিত "শ্রেণিবিন্যাস সম্পর্কে" শব্দগুলির পর "অথবা কোন পণ্য আমদানির পূর্বে উহার অরিজিন বা উৎসদেশ" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(২) বিধি ৫ এর দফা (ক) ও (খ) এ উল্লিখিত "শ্রেণিবিন্যাস" শব্দটির পর উভয়স্থানে "অথবা অরিজিন বা উৎসদেশ" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(৩) বিধি ৭ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "ফরম" শব্দটির পরিবর্তে "ফরম ক অথবা ফরম খ" শব্দগুলি ও বর্ণগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৯ এর-

(ক) উপ-বিধি (২) এ "শ্রেণিবিন্যাস" শব্দটি, ২ (দুই) বার উল্লিখিত এর পর উভয়স্থানে "অথবা অরিজিন বা উৎসদেশ" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৪) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ নূতন দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঘ) অগ্রিম রুলিং এ প্রদত্ত শ্রেণিবিন্যাস অথবা অরিজিন বা উৎসদেশ এবং উক্ত শ্রেণিবিন্যাস অথবা অরিজিন বা উৎসদেশের পক্ষে যুক্তি;";

(৫) বিধিমালার ফরম অংশের শিরোনামে উল্লিখিত “ফরম” শব্দটির পরিবর্তে “ফরম ক” শব্দটি ও বর্ণ প্রতিস্থাপিত হইবে; এবং

(৬) “ফরম ক” ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন “ফরম খ” ও তদ্‌সংশ্লিষ্ট এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“ফরম খ”

আমদানি পণ্যের অরিজিন বা উৎসদেশ বিষয়ে অগ্রিম রুলিং এর জন্য আবেদন

**[বিধি ৭(১) দ্রষ্টব্য]**

এই ফরম পূরণ করিতে আপনার ৩০ মিনিট সময় প্রয়োজন হইবে।

প্রতিটি আবেদনের জন্য ফি বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা প্রদেয় হইবে। একটি আবেদন কেবল **একটি পণ্যের অরিজিন বা উৎসদেশের (কান্ট্রি অব অরিজিন) জন্য** প্রযোজ্য। যে অগ্রিম রুলিং জারি করা হইবে উহা বাংলাদেশে ব্যবহারের জন্য প্রযোজ্য।

ফরমটি পূরণের পর উহা প্রয়োজনীয় সকল দলিলসহ অগ্রিম রুলিং ইউনিটের নিকট দাখিল করিতে হইবে (সরাসরি/ডাকযোগে/কুরিয়ারযোগে/ই-মেইল যোগে/ফ্যাক্সযোগে)।

| **দাপ্তরিক ব্যবহারের জন্য** | |
|---|---|
| অগ্রিম রুলিং আবেদন নং: | আবেদন গ্রহণের তারিখ: |
| রিসিট নং: | ফি পরিশোধের তারিখ: |

**সেকশন ১ : আবেদনকারীর বিবরণ**

আবেদনকারীর ধরণ:

☐ **আমদানিকারক** ☐ **রপ্তানিকারক** ☐ **অন্যান্য**

| ফার্ম/কোম্পানি/ব্যক্তির নাম: | Business Identification Number (BIN) (প্রযোজ্য ক্ষেত্রে): |
|---|---|

| | |
|---|---|
| ফার্ম/কোম্পানি/ব্যক্তির ঠিকানা: | |
| কনটাক্ট পারসন: | পদবি: |
| জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/জন্মসনদ নম্বর (ব্যক্তির ক্ষেত্রে): | ই-মেইল: |
| টেলিফোন নং (মোবাইলসহ): | ফ্যাক্স নং: |

**সেকশন ২ : সরবরাহকারী/উৎপাদকের পূর্ণ বর্ণনা**

ক. সরবরাহকারীর নাম:

খ. ঠিকানা:

গ. টেলিফোন নং:

ঘ. ই-মেইল:

ক. উৎপাদকের নাম (সরবরাহকারী হইতে ভিন্ন হইলে):

খ. ঠিকানা:

গ. টেলিফোন নং:

ঘ. ই-মেইল:

**সেকশন ৩ : অরিজিন বিষয়ে পূর্ণ বর্ণনা**

**সেকশন ৪ : পণ্য বিষয়ে পূর্ণ বর্ণনা**

আমদানিতব্য পণ্যের পূর্ণাঙ্গ বর্ণনা

পণ্যের শ্রেণিবিন্যাস

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম:

ব্র্যান্ড/মডেল নম্বর:

দাবীকৃত উৎসদেশ:

প্রাসঙ্গিক দেশসমূহে উক্ত পণ্যের উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):
(নোট: জায়গা সংকুলান না হইলে পৃথক শীটে উল্লেখ করুন)

যে কাস্টমস স্টেশনের মাধ্যমে বিবেচ্য পণ্য আমদানি করা হইবে, উহার নাম (যদি জানা থাকে):

লিয়েন ব্যাংকের নাম, ঋণপত্র বা চুক্তিপত্র এবং প্রোফরমা ইনভয়েস বা ক্রয় আদেশ নাম্বার (প্রযোজ্য ক্ষেত্রে):

সেকশন ৫ : ম্যাটেরিয়াল/ইনপুট

উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত সকল ম্যাটেরিয়াল/ইনপুট এর বিবরণ দিন:
(নোট: জায়গা সংকুলান না হইলে পৃথক শীটে উল্লেখ করুন)

| বিভিন্ন ম্যাটেরিয়াল এর বিবরণ | বিভিন্ন ম্যাটেরিয়াল এর মূল্য অনুপাত/রেশিও | বিভিন্ন ম্যাটেরিয়াল এর এইচ,এস শ্রেণিবিন্যাস | বিভিন্ন ম্যাটেরিয়াল এর উৎসদেশ |
|---|---|---|---|
| | | | |

**সেকশন ৬ : আপনি কি প্রাসঙ্গিক সকল দলিলাদি এই আবেদনের সহিত অন্তর্ভুক্ত করিয়াছেন?**

☐ হ্যাঁ ☐ না

এই বিষয়ে অগ্রিম রুলিং ইউনিট হইতে পূর্বে রুলিং পাইয়াছেন কিনা?

☐ হ্যাঁ ☐ না

উত্তর 'হ্যাঁ' হইলে, রুলিং নাম্বার উল্লেখ করুন:

| সেকশন ৭ : ফি পরিশোধ | |
|---|---|
| অনুগ্রহপূর্বক পরিশোধের মাধ্যম উল্লেখ করুন: | |
| ☐ ডিমান্ড ড্রাফট | ☐ পে অর্ডার |
| **সেকশন ৮ : মৌখিক বক্তব্য প্রদানে ইচ্ছুক কিনা** | |
| ☐ হ্যাঁ | ☐ না |
| **সেকশন ৯ : বাণিজ্য গোপনীয়তা অথবা গোপনীয় বাণিজ্যিক বা আর্থিক তথ্য গোপন রাখিতে চাহেন কিনা** | |
| ☐ হ্যাঁ | ☐ না |
| (নোট: কী তথ্য গোপন রাখিতে চাহেন, তা পৃথক শীটে উল্লেখ করুন) | |
| **সেকশন ১০ : ঘোষণা** | |
| (১) এতদ্বিষয়ে আমার কর্তৃক আদালতে কোন মামলা দায়ের করা হয় নাই। (২) আমি এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে, এই ফরমে যে তথ্য প্রদান করা হইয়াছে তাহা সত্য এবং সঠিক। | |
| নাম : | স্বাক্ষর: তারিখ: |

**‘ফরম’ পূরণের নির্দেশিকা:**

১। ফরমের সকল ঘর পূরণ করিতে হইবে। কোন ঘর প্রযোজ্য না হইলে ‘প্রযোজ্য নয়” লিখিতে হইবে।

২। **সেকশন ৪:** আমদানিতব্য পণ্যের পর্যাপ্ত বর্ণনা (description) এর মধ্যে পরিমাণ, প্যাকেজ, ব্র্যান্ড (যদি থাকে), সরবরাহকারী এবং প্রস্তাবিত অরিজিন বিষয়ক তথ্য অন্তর্ভুক্ত থাকিবে।

৩। **সেকশন ৬:** আবেদনের জন্য প্রাসঙ্গিক এমন সকল দলিলাদি এই আবেদনের সহিত সংযুক্তি হিসাবে দাখিল হওয়া একান্ত আবশ্যক।

৪। **সেকশন ১০:** আবেদনকারীকে অবশ্যই “ফরম” স্বাক্ষর করিতে হইবে।

**সংযুক্তি:**

(১) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/জন্মসনদের অনুলিপি (ব্যক্তির ক্ষেত্রে)।

(২) মনোনীত কোন ব্যক্তি কর্তৃক আবেদন দাখিলের ক্ষেত্রে এতদসংশ্লিষ্ট ক্ষমতা অর্পনপত্র।

(৩) ঋণপত্র বা চুক্তিপত্র এবং প্রোফরমা ইনভয়েস বা ক্রয় আদেশ (প্রযোজ্য ক্ষেত্রে)।

(৪) পণ্যের তাৎপর্যপূর্ণ রুপান্তর ('substantial transformation') এর সপক্ষে প্রমাণপত্র এবং যেই ক্ষেত্রে পণ্য সম্পূর্ণরুপে দেশে প্রস্তুতকৃত/উৎপাদিত (wholly obtained/wholly manufactured) মর্মে দাবি করা হইতেছে সেই ক্ষেত্রে উহার প্রমাণপত্র ইত্যাদি।

(৫) আমদানিতব্য পণ্যের অরিজিন বা উৎসদেশ নিরূপণে সহায়ক অন্য কোন তথ্য বা দলিল।

বি:দ্র:

(১) পূরণকৃত ও স্বাক্ষরিত "ফরম" সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা-বরাবর দাখিল করিতে হইবে।

(২) সংযুক্তেয় দলিলাদি A4 সাইজের কাগজে দাখিল করিতে হইবে।"।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান